

M.A. Part-II Examination 2009

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

প্রথমার্ধ

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫×২

(ক) মহিলা ঔপন্যাসিক হিসেবে নয়, সাধারণভাবেই প্রাক্-রবীন্দ্র কথাসাহিত্যের ধারায় স্বর্ণকুমারী দেবী একটি বিশিষ্ট স্থানের অধিকারী — আলোচনা করো।

(খ) “‘গোরা’র পর হইতে রবীন্দ্রনাথের উপন্যাসে একটি গভীর ভাবগত পরিবর্তন লক্ষ্য করা যায়।” — সমালোচকের এই মন্তব্যের স্বরূপ ও তাৎপর্য বিশ্লেষণ করো।

(Turn Over)

(গ) কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায় ও জগদীশ গুপ্তের শিল্পী-আত্মা ও শিল্প-স্বরূপের একটি তুলনামূলক আলোচনা কর।

(ঘ) বাংলা সাহিত্যে ছোটগল্পকার আশাপূর্ণা দেবীর বৈশিষ্ট্য ও কৃতিত্ব নিরূপণ করো।

২। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৪ x ৫

(ক) শরৎচন্দ্র নিজের যে ৪টি উপন্যাসের নাট্যরূপ দিয়েছিলেন সেগুলির নাম ও তাদের নাট্যরূপের নাম লেখো।

(খ) বনফুলের চিকিৎসক চরিত্র-নির্ভর ৪ টি উপন্যাসের নাম লেখো।

(গ) নিম্নলিখিত উপন্যাসগুলির রচয়িতা ও প্রকাশকাল নির্দেশ করো।

‘প্রতিবিশ্ব’, শুভিনী, ‘শতকিয়া’, ‘মহাকালের রথের ঘোড়া’।

(ঘ) গল্পকারের নাম ও প্রকাশকাল উল্লেখ করো —

বিনোদিনী, খির বিজুরী, বীতংস, দশকরণের বাগপ্রস্থ।

(৬) দু'জন উপন্যাসিকের একটি করে ট্রিলজির নাম লেখো।

(৮) সম্পাদকের নাম ও প্রথম প্রকাশকাল নির্দেশ করো —

সাধনা, হিতবাদী, ভারতবর্ষ, মাসিক।

(৯) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে বর্ণিত 'হাঁসুলী বাঁক' কোথায় অবস্থিত? 'হাঁসুলী বাঁক' — এর অর্থ কী? এই জাতীয় উপন্যাস লিখেছেন এমন একজন বাঙালী ও একজন পাশ্চাত্য উপন্যাসিকের নামোল্লেখ করো।

(১০) বাংলা সাহিত্যে ৪ টি আত্মজীবনীমূলক উপন্যাস ও সেগুলির রচয়িতার নাম লেখো।

দ্বিতীয়ার্ধ

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১৭×২

(ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে উইলের ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা উপন্যাসে 'চতুরঙ্গ'-এর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো।

(গ) ‘চরিত্রহীন’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) ‘পথের পাঁচালী’ উপন্যাসে হরিহর চরিত্রের স্বরূপ ও ভূমিকা বিশ্লেষণ করো।

(ঙ) ‘হাঁসুলি বাঁকের উপকথা’ উপন্যাসের নায়ক কে? বিশ্লেষণ করে দেখাও।

২। রবীন্দ্রনাথের ‘ক্ষুধিত পাষাণ’ গল্প একটি ‘ভূত ছাড়া ভূতের গল্প’। — মন্তব্যের সারবত্তা বিচার করো। ১৬

অথবা

সুবোধ ঘোষের ‘ফসিল’ গল্পে সমাজবাস্তবতা ও শিল্পগুণের সমন্বয় কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করে দেখাও।